জেলা পরিষদ কার্যালয়
বরিশাল।
www.zpbarisal.org

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি

জেলা পরিষদ, বরিশাল এর মালিকানাধীন ১৯ টি খেয়াঘাট ১৪৩১ সালের জন্য (১ বৈশাখ হতে ৩০ চৈত্র) ইজারা প্রদানের লক্ষ্যে অত্র কার্যালযের নির্ধারিত সিডিউল ফরমে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে :-

| দরপত্র আহ্বানের পর্যায় | দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় এবং স্থান | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র সিডিউল প্রাপ্তি |
|---|---|---|---|---|
| ১ম আহ্বান | ০৪/০৩/২০২৪ খ্রি. (অফিস চলাকালীন সময় পর্যন্ত)। | ০৫/০৩/২০২৪ খ্রি. দুপুর ১-০০ টা পর্যন্ত) জেলা প্রশাসক/ জেলা পরিষদ/নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরিশাল। | ০৫/০৩/২০২৪ খ্রি. বিকেল ৩-০০ টা। | জেলা প্রশাসক/ জেলা পরিষদ / নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) ,বরিশাল এর কার্যালয়। |

১ম আহবানে সম্ভাব্য দর পাওয়া না গেলে পরবর্তী দরপত্র সংক্রান্ত কার্যক্রম নিম্নলিখিত তারিখে একই শর্তে পরিচালিত হবে ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ২য় আহ্বান | ১২/০৩/২০২৪ খ্রি. (অফিস চলাকালীন সময় পর্যন্ত)। | ১৩/০৩/২০২৪ খ্রি. দুপুর ১-০০ টা পর্যন্ত) জেলা প্রশাসক/জেলা পরিষদ/নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরিশাল। | ১৩/০৩/২০২৪খ্রি. বিকেল ৩-০০ টা। | জেলা প্রশাসক/ জেলা পরিষদ / নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/উপজেলা নির্বাহী অফিসার (সকল) ,বরিশাল এর কার্যালয়। |
| ৩য় আহ্বান | ১৯/০৩/২০২৩ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)। | ২০/০৩/২০২৩ খ্রিঃ দুপুর ১-০০ টা পর্যন্ত) জেলা প্রশাসক/ জেলা পরিষদ/নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরিশাল। | ২০/০৩/২০২৪খ্রি. বিকেল ৩-০০ টা। | ঐ |

০১। সম্ভাব্য মূল্যসহ খেয়াঘাটের বিবরণ/ তালিকা জেলা পরিষদ অফিসে সংরক্ষিত আছে, যা দরপত্রের (সিডিউলের) সাথে থাকবে।

০২। এ' বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত আকারে প্রকাশ করা হলো । বিস্তারিত তথ্যাদি জেলা পরিষদ, বরিশাল কার্যালয় থেকে প্রত্যহ অফিস চলাকালীন সময়ে জানা যাবে এবং জেলা পরিষদ অফিসিয়াল ওয়েবসাইট, ফেসবুক পেইজ এ পাওয়া যাবে।

১৩.০২.২৪

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বরিশাল

স্মারক নং ৪৬.১০.১০০৬.০০১.৯৯.০০৯.২৪ ১১৭

তারিখঃ ১৩/০২/২০২৪ খ্রি.

অনুলিপি কার্যার্থে প্রেরিত :

০১। বিজ্ঞাপন ব্যবস্থাপক
দৈনিক দেশ রুপান্তর
রুপায়ন ট্রেড সেন্টার
১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ
বাংলা মটর, ঢাকা-১১০০।

তাঁকে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি তাঁর বহুল প্রচারিত পত্রিকার ভিতরের পাতায় ০৩ কলাম ৫" পরিসরে জরুরীভিত্তিতে সংক্ষিপ্ত আকারে ১ (এক) দিন (কার্যদিবসে )প্রকাশের জন্য অনুরোধ করা হলো ।

০২। সম্পাদক
দৈনিক দক্ষিনের সময়
বটতলা, বরিশাল।

ঐ

১৩.০২.২৪

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বরিশাল।

১৩/০২/২৪

জেলা পরিষদ কার্যালয়
বরিশাল।

খেয়াঘাট ইজারা প্রদানের শর্তাবলী (১৪৩১ বাংলা সালের জন্য)

০১। ১ম আহ্বানে শুধুমাত্র পেশাদার পাটনী দরপত্র সিডিউল ক্রয় ও দাখিল করতে পারবেন। দরখাস্তকারী পেশাদার পাটনী এর সমর্থনে তার বর্তমান পেশার বিবরণসহ সংশ্লিষ্ট খেয়াঘাট এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / পৌর সভার মেয়র এর সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে। ১ম আহ্বানে দরপত্রের সম্ভাব্য মূল্য পাওয়া না গেলে ২য় আহ্বান থেকে সর্বসাধারণ ও দরপত্র ক্রয় ও দাখিল করতে পারবেন।

০২। দরপত্র দাতাকে দরপত্রের উদ্ধৃত ইজারা মূল্যের ১০০% (শতকরা একশত ভাগ) টাকার ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডার এবং পৃথকভাবে উদ্ধৃত ইজারা মূল্যের ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট ও ৫% (শতকরা পাঁচ ভাগ) আয়করের অর্থ মোট ২০% (১৫% + ৫%) টাকার ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডার প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল এর অনুকুলে দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

০৩। বায়নার ড্রাফট ব্যতিত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং দরপত্রের সাথে কোন চেক ও নগদ টাকা গ্রহণ করা হবে না।

০৪। এক ব্যক্তি একই খেয়াঘাটের অনুকূলে একাধিক দরপত্র দাখিল করতে পারবেন না। দরপত্র সীলমোহরকৃত খামে যথাযথভাবে দাখিল করতে হবে।

০৫। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত প্রতি পৃষ্ঠায় অবশ্যই স্বাক্ষর করতে হবে।

০৬। দরপত্র অনুমোদনের পর নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র দাতাকে নিজ খরচে ৩০০/- (তিন শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে বরিশাল জেলা পরিষদের সাথে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং চুক্তি নামায় বিস্তারিত শর্তাবলী উল্লেখ থাকবে।

০৭। কোন শর্তযুক্ত দরপত্র গ্রহণযোগ্য হবে না। কেবলমাত্র নির্ধারিত ফরমে দাখিলকৃত দরপত্র গ্রহণযোগ্য হবে।

০৮। খেয়াঘাট সমূহের বর্তমান অবস্থা সম্পর্কে নিশ্চিত হয়ে দরপত্র দাখিল করতে হবে।

০৯। দরপত্র দাতাকে নিজ খরচে যাত্রীদের জন্য বিশ্রামাগার তৈরী করতে হবে এবং যাত্রী উঠা-নামার সুব্যবস্থা করতে হবে।

১০। খেয়াঘাটের উভয় পাড়ে সরকারকর্তৃক নির্ধারিত পারাপার হার সম্বলিত সাইন বোর্ড প্রকাশ্য স্থানে টানিয়ে রাখতে হবে।

১১। দরপত্র দাতা অনুমোদিত পারাপার হারের অতিরিক্ত পারাপার আদায় করতে পারবেন না। এ' সংক্রান্ত কোন অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। প্রতি খেয়াঘাটে ২(দুই) খানা করে খেয়া নৌকা এবং প্রতি নৌকায় ২(দুই) জন করে মাঝি অবশ্যই থাকতে হবে।

১৩। জেলা পরিষদ, বরিশাল এর কর্মকর্তা/কর্মচারীদের বিনা মাশুলে পারাপার করতে হবে।

১৪। প্রতিদিন ভোর ৫-০০ টা থেকে রাত ১০-০০টা' পর্যন্ত যাত্রী পারাপার করতে হবে।

১৫। খেয়াঘাট সাবলীজ দেয়া যাবেনা। ইজারা গ্রহীতাকে খেয়াঘাট সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান মেনে চলতে হবে। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলী ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৬। উদ্ধৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় দরপত্র সিডিউলের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে। কাটাকাটি, ঘষামাজা এবং অস্পষ্ট দরপত্র গ্রহণযোগ্য হবে না। দরপত্র ফরম-এ উল্লিখিত যাবতীয় কলাম যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে অন্যাথায় তা বাতিল বলে গণ্য হবে।

১৭। দরপত্র দাতাকে দরপত্রের সাথে (NID) এর ফটোকপি এবং সাম্প্রতিক তোলা ০১(এক) কপি রঙ্গিন দাখিল করতে হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল কিংবা পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

২০.০২.২৪

দরপত্র দাতার স্বাক্ষর ও তারিখ ঃ
মোবাইল নম্বর (যদি থাকে)।

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বরিশাল।

২০/০২/২৪